দৈনিক ইনকিলাব

তারিখ ... 02 APR 2008 ...
পৃষ্ঠা ১২ কলাম ৬

## এসএসসি-দাখিল পরীক্ষার তৃতীয় দিন

# বহিষ্কার ৩৫ পরীক্ষার্থী ২ শিক্ষক ২৪১৩ জন অনুপস্থিত

স্টাফ রিপোর্টার ঃ সারাদেশের নয়টি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি, দাখিল, এসএসসি (ভোকেশনাল) পরীক্ষার গতকাল (মঙ্গলবার) তৃতীয় দিনে বাংলা পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার হয়েছে ৩৫ পরীক্ষার্থী এবং ২ জন শিক্ষক। এর মধ্যে ৭টি সাধারণ শিক্ষা বোর্ডে বহিষ্কার হয়েছে ৫ জন। মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত পরীক্ষায় বহিষ্কার হয়েছে ৭ জন এবং কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত পরীক্ষায় বহিষ্কার হয়েছে ২৩ জন পরীক্ষার্থী। শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রক কক্ষের হিসাব অনুযায়ী, গতকাল নয়টি বোর্ডে তৃতীয় দিনে ২ হাজার ৪১৩ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। এর মধ্যে ৭টি সাধারণ শিক্ষা বোর্ডে ১ হাজার ১৫৪ জন, মাদ্রাসা বোর্ডে ৬১৫ জন এবং কারিগরি শিক্ষা পৃঃ ৪৮ঃকঃ৪

## এসএসসি-দাখিল পরীক্ষার তৃতীয় দিন

১২-এর পৃষ্ঠার পর

বোর্ডের অধীন পরীক্ষায় ৬৪৪ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। কারিগরি বোর্ডের অধীন পরীক্ষায় জামালপুরের একটি কেন্দ্র থেকে ২ জন শিক্ষক বহিষ্কারের খবর পাওয়া গেছে।

নয় বোর্ডের মধ্যে ঢাকা বোর্ডে অনুপস্থিত শিক্ষার্থীর সংখ্যা ৪০৯ জন, রাজশাহীতে ১৫৪ জন, যশোরে ২১৯ জন, বরিশালে ১০৮ জন, সিলেটে ৮৮ জন, কুমিল্লায় ৯১ জন এবং চট্টগ্রামে ৮৫ জন। বোর্ড অনুযায়ী বহিষ্কৃত শিক্ষার্থীর মধ্যে রয়েছে ঢাকা বোর্ডে ১ জন, রাজশাহীতে ১ জন, বরিশালে ১ জন এবং চট্টগ্রামে ২ জন। শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, এ বছর দেশের সাতটি শিক্ষা বোর্ড, কারিগরি বোর্ড ও মাদ্রাসা বোর্ডের অধীনে ২৫ হাজার ৮০৯টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ১০ লাখ ১৩ হাজার ৩০১ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে। এর মধ্যে এসএসসি পরীক্ষার্থী ৭ লাখ ৪৭ হাজার ৫৪৫ জন, দাখিলে ১ লাখ ৮৩ হাজার ৩৮১ জন এবং কারিগরি বোর্ডের অধীন এসএসসি (ভোকেশনাল) পরীক্ষার্থীর সংখ্যা ৮২ হাজার ৩৭৫।

ঢাকা বোর্ডের অধীনে অনুষ্ঠিত বাংলা প্রথম পত্রের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। বোর্ডের অধীনে পরীক্ষায় এদিন অনুপস্থিত ছিল ৪০৯ জন। আমাদের চট্টগ্রাম অফিস জানায়, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত তৃতীয় দিনের বাংলা প্রথম পত্রের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। বোর্ডের অধীনে পরীক্ষায় এদিন অনুপস্থিত ছিল ৮৫ জন। বরিশাল ব্যুরো অফিস জানায়, বোর্ডে গতকাল এসএসসি পরীক্ষার তৃতীয় দিনে অসদুপায় অবলম্বনের দায়ে ১ জনকে বহিষ্কার করা হয়েছে। অনুপস্থিত ছিল ১০৮ জন।

সিলেট ব্যুরো জানায়, সিলেট বোর্ডে গতকাল কোন পরীক্ষার্থী বহিষ্কার হয়নি। বোর্ডের অধীনে পরীক্ষায় এদিন অনুপস্থিত ছিল ৮৮ জন। রাজশাহী অফিস জানায়, রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে পরীক্ষার তৃতীয় দিনে ১ জনকে বহিষ্কার করা হয়েছে। অনুপস্থিত ছিল ১৫৪ জন শিক্ষার্থী।

যশোর ব্যুরো অফিস জানায়, যশোর বোর্ডে গতকাল কোন পরীক্ষার্থী বহিষ্কার হয়নি। এ বোর্ডে অনুপস্থিত ছিল ২১৯ জন। কুমিল্লা অফিস জানায়, কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত তৃতীয় দিনের বাংলা পরীক্ষায় কোন পরীক্ষার্থী বহিষ্কার হয়নি। এছাড়া অনুপস্থিত ছিল ৯১ জন।